# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৯. মুমিনের আবাসস্থল জান্নাত আর কাফিরের আবাসস্থল জাহান্নাম

পরকালিন জীবনে মুমিন এবং কাফিরের আবাসস্থল হবে যথাক্রমে জান্নাত ও জাহান্নাম, এ বিষয়ে আস্থা রাখা। আল্লাহ্ সুবহানাহু তা'আলা বলেন

بَلَى مَن كَسَبَ سَيِّئَةً وَأَحَاطَتْ بِهِ خَطِيئَتُهُ فَأُولَئِكَ أَصْحَابُ النَّارِ ۚ هُمْ فِيهَا خَالِدُونَ * وَالَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ أُولَئِكَ أَصْحَابُ الْجَنَّةِ ۚ هُمْ فِيهَا خَالِدُونَ

“হাঁ, যে ব্যক্তি পাপ উপার্জন করেছে এবং পাপ তাকে ঘিরে নিয়েছে, তারা জাহান্নামের অধিবাসী। সেটি তাদের স্থায়ী আবাস। আর যারা ঈমান এনেছে এবং সৎ কাজ করেছে, তারা জান্নাতের অধিবাসী। তারা চিরদিন সেখানেই থাকবে।[১]

আবদুল্লাহ্ ইবনু উমার (রাঃ) থেকে সহীহ্ আল বুখারী ও সহীহ মুসলিমে বলা হয়েছে, নবী করীম (সা.) বলেছেন

ان أحدكم اذا مات عرض عليه مقعده بالغداة والعشى ان كان من أهل الجنة فمن أهل الجنة وان كان من أهل النار فمن أهل النار يقال هذا مقعدك حتى يبعثك الله تعالى الى يوم القيامة

“তোমাদের কারও মৃত্যু হলে সকাল সন্ধ্যায় তাকে তার আবাসস্থল দেখানো হয়। জান্নাতী হলে জান্নাত আর জাহান্নামী হলে জাহান্নাম। বলা হবে এটিই তোমার আবাসস্থল। এভাবে কিয়ামত পর্যন্ত চলতে থাকবে।[২]

## ফুটনোট

[১]. সূরা আল বাকারা, আয়াত : ৮১।

[২]. সহীহ আল বুখারী, জানাযা অধ্যায়; সহীহ মুসলিম, জান্নাত, জান্নাতের নিয়ামত ও জান্নাতবাসীদের বিবরণ অধ্যায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12307

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন